

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং-৪৫.১৫৫.১১৪.০০.০০.০০৫.২০১৩-৩৪৮

তারিখঃ ২০-০৩-২০১৯ খ্রিঃ

বিষয়ঃ সরকারি অর্থায়নে সংগৃহীত শ্রবণযন্ত্র (Hearing Aid) বিতরণ/বরাদ্দের নীতিমালা

১. **শিরোনামঃ** এই নীতিমালা সরকারি অর্থায়নে সংগৃহীত শ্রবণযন্ত্র (Hearing Aid) বিতরণ বা বরাদ্দ নীতিমালা, ২০১৯ নামে অভিহিত হবে।

২. **উদ্দেশ্যঃ** প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ২ (৭) এর তফসিলের ৩ (ঙ) ক্রমিক এবং ন্যাশনাল স্ট্র্যাটেজি প্ল্যান ফর নিউরো-ডেভেলপমেন্ট ডিজঅর্ডার ২০১৬-২০২১ এর ক্রমিক ৯ এর উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে স্বল্প মূল্যে/বিনামূল্যে সারাদেশের শ্রবণ প্রতিবন্ধী জনগোষ্ঠির জন্য সহায়ক উপকরণ এবং পুনর্বাসন সুবিধা প্রদান।

৩. **প্রযোজ্যতাঃ** (১) এই নীতিমালা দেশের সকল মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, জেলা ও উপজেলা হাসপাতাল এবং জাতীয় নাক, কান, গলা ইনস্টিটিউট কর্তৃক সংগৃহীত শ্রবণযন্ত্র বরাদ্দ বা বিতরণের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

(২) এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

৪. **শ্রবণ যন্ত্রঃ** শ্রবণ যন্ত্র ও আনুষঙ্গিক যন্ত্রাংশ যেমনঃ বক্স, ব্যাটারী, Harness, Ear mold (Soft/Hard) ইত্যাদিকে বোঝাবে।

৫. **শ্রবণ প্রতিবন্ধীঃ** শুধুমাত্র শ্রবণ সক্ষমতার ক্ষেত্রে স্বাভাবিকের তুলনায় কম বা বেশী সংবেদনশীলতা কে বোঝাবে।

৬. **শ্রবণ প্রতিবন্ধী বাছাই কমিটিঃ** এই নীতিমালার আওতায় শ্রবণযন্ত্র বরাদ্দ বা বিতরণের লক্ষ্যে নিম্নরূপ শ্রবণ প্রতিবন্ধী বাছাই কমিটি গঠিত হবে:

(ক)	অডিওলজি বিভাগের প্রধান/অধ্যাপক (ইএনটি)	আহ্বায়ক
(খ)	সহযোগী অধ্যাপক পদমর্যাদার একজন বিশেষজ্ঞ	সদস্য
(গ)	সহকারী অধ্যাপক/জুনিয়র কনসালটেন্ট (অডিওলজি/ইএনটি)	সদস্য-সচিব

৬.১. কমিটির কার্যপরিধিঃ

- রোগী পরীক্ষা-নিরীক্ষাপূর্বক বধিরতার মাত্রা নির্ধারণ;
- শ্রবণযন্ত্র প্রাপ্তির উপযুক্ততা নির্ধারণ।
- উপযুক্ত শ্রবণ প্রতিবন্ধী বাছাইকরতঃ শ্রবণযন্ত্র প্রদানের বিষয়ে বরাদ্দ/বিতরণ কমিটির নিকট সুপারিশ প্রদান।

৭. **শ্রবণযন্ত্র বরাদ্দ বা বিতরণ কমিটিঃ** এই নীতিমালার আওতায় শ্রবণযন্ত্র বরাদ্দ বা বিতরণের জন্য নিম্নরূপ কমিটি গঠিত হবে:

(ক)	পরিচালক/তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন/সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান	আহ্বায়ক
(খ)	জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা (প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা না থাকলে উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়)	সদস্য
(গ)	অডিওলজি বিভাগের প্রধান অধ্যাপক	সদস্য
(ঘ)	উপপরিচালক/জুনিয়র কনসালটেন্ট (ইএনটি)/আবাসিক মেডিকেল অফিসার	সদস্য-সচিব

৭.১. কমিটির কার্যপরিধি:

- (ক) শ্রবণ প্রতিবন্ধী বাছাই কমিটির সুপারিশ পর্যালোচনা ও বাস্তবায়ন;
- (খ) বরাদ্দের অগ্রাধিকার তালিকা ও মাসিক আয়ের ভিত্তিতে শ্রবণযন্ত্র বরাদ্দ/ বিতরণের তালিকা চূড়ান্ত করণ; এবং
- (গ) শ্রবণযন্ত্র বরাদ্দ প্রদান বা বিতরণ।

৮. নিম্নোক্ত বিষয়াদি বিবেচনায় শ্রবণযন্ত্র প্রাপ্তির অগ্রাধিকার নির্ধারিত হবেঃ

- (ক) প্রতিবন্ধী শিশু (শ্রবণ প্রতিবন্ধিতা ব্যতীত অন্য কোন প্রতিবন্ধিতা থাকলে), যেসকল শিশু শ্রবণযন্ত্র প্রাপ্তির পর AVT/Pre School এ ভর্তি হতে সক্ষম;
- (খ) নিম্ন আয়ের শ্রবণ প্রতিবন্ধী ব্যক্তি বা তাদের শ্রবণ প্রতিবন্ধী সন্তান;
- (গ) বীর মুক্তিযোদ্ধা কিংবা তাদের পোষ্য (যদি শ্রবণ প্রতিবন্ধী হয়);
- (ঘ) কর্মে অক্ষম, শ্রবণযন্ত্র প্রদান করা হলে কর্মক্ষম হবে এমন ক্ষুদ্র নৃগোষ্ঠি;
- (ঙ) শিক্ষার্থী (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শ্রবণ প্রতিবন্ধিতা বিষয়ে সত্যায়িত সনদপত্র দাখিল করতে হবে);
- (চ) চাকুরিজীবি (যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে);
- (ছ) স্থানীয় জনপ্রতিনিধি (ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা ওয়ার্ড কমিশনারের প্রত্যয়ন দাখিল করতে হবে);
- (জ) Cochlear Implant প্রতিস্থাপনযোগ্য শ্রবণ প্রতিবন্ধী;
- (ঝ) সিনিয়র সিটিজেন বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা ও কর্মচারি;
- (ঞ) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অর্থায়নে ক্রয়কৃত শ্রবণ যন্ত্র বিতরণের ক্ষেত্রে ১০% শ্রবণযন্ত্র সংশ্লিষ্ট জেলায় বিতরণের জন্য সংরক্ষণ করা হবে;এবং
- (ট) 'শ্রবণযন্ত্র' বিতরণ/বরাদ্দ লব্ধ অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।

৯. মাসিক আয় বিবেচনায় শ্রবণযন্ত্র বরাদ্দের পদ্ধতিঃ

ক্রমিক নং	পরিবারিক মাসিক আয়	বরাদ্দ প্রদান
১	১৫,০০০/- টাকা পর্যন্ত	১মবার বিনামূল্যে, পরবর্তীতে সম্পূর্ণ মূল্য পরিশোধ সাপেক্ষে
২	১৫,০০১/- হতে ৩০,০০০/- টাকা পর্যন্ত	১মবার শ্রবণযন্ত্র মূল্যের ২৫%, পরবর্তীতে সম্পূর্ণ মূল্য পরিশোধ সাপেক্ষে
৩	৩০,০০০/- হতে ৪০,০০০/- টাকা পর্যন্ত	১মবার শ্রবণযন্ত্র মূল্যের ৫০%, পরবর্তীতে সম্পূর্ণ মূল্য পরিশোধ সাপেক্ষে
৪	তদুর্ধ্ব	১মবার শ্রবণযন্ত্র মূল্যের ১০০%, পরবর্তীতে সম্পূর্ণ মূল্য পরিশোধ সাপেক্ষে

১০. শ্রবণ যন্ত্র প্রাপ্তির আবেদন পদ্ধতিঃ শ্রবণ যন্ত্র প্রাপ্তির জন্য নিম্নোক্ত নির্ধারিত ফরম (ফরম-ক) পূরণ সাপেক্ষে আবেদন করা যাবেঃ


'ফরম-ক'

ক্র: নং		:
০১	নাম	:
০২	বয়স	:
০৩	বর্তমান ঠিকানা	:
০৪	স্থায়ী ঠিকানা	:
০৫	পিতার নাম	:
০৬	মাতার নাম	:
০৭	পেশা	:
০৮	আয়	:
০৯	শ্রবণ প্রতিবন্ধিতার ধরণ	:
১০	মুক্তিযোদ্ধা/পোষ্য সন্তান (যথাযথ কর্তৃপক্ষের সনদপত্র সংযুক্ত করতে হবে)	:
১১	সরকারি কর্মকর্তা বা কর্মচারি	:

১২	সিনিয়র সিটিজেন বা অবসর প্রাপ্ত সরকারি কর্মকর্তা/কর্মচারি	:
১৩	সরকারি কর্মকর্তা/কর্মচারীর উপর নির্ভবশীল পিতা/মাতা/স্ত্রী/স্বামী/সন্তান	:
১৪	আদিবাসী/নৃগোষ্ঠী (যথাযথ কর্তৃপক্ষের সনদপত্র সংযুক্ত করতে হবে)	:
১৫	সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত কি না	:

আবেদনকারীর স্বাক্ষর ও সীল
(যদি থাকে)

১১। সরকার, সময়ে সময়ে, এ নীতিমালার প্রয়োজনীয় পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন বা বিয়োজন করতে পারবে।


(মোঃ আবু রায়হান মিয়া)
উপ-সচিব
ফোনঃ ৯৫৫৬৯৮৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। যুগ্ম-সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্ম-প্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)-----
- ৭। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)-----
- ৮। পরিচালক, (প্রশাসন/হাসপাতাল ও ক্লিনিকসমূহ/অর্থ/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৯। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা/রাজশাহী/বরিশাল/চট্টগ্রাম/খুলনা/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ১০। তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন (সকল)-----।
- ১১। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। অতিরিক্ত সচিব (হাসপাতাল/সঃ স্বাস্থ্য ব্যঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।